রংপুর, গাইবান্ধা ও কুড়িগ্রাম জেলায় পোল্ট্রি ডায়াগনস্টিক ল্যাব স্থাপনে উদ্যোক্তা খুজছে আরডিআরএস বাংলাদেশ

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন ও আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD)-এর অর্থায়নে ৩ বছর মেয়াদী Rural Microenterprise Transformation Project (RMTP) আরডিআরএস বাংলাদেশ কর্তৃক বাসত্মবায়িত হচ্ছে। RMTP- প্রকল্পের আওতায়' নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন' শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পটি সদস্যদের আয় বৃদ্ধি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে কাজ করছে। উপ-প্রকল্পের সদস্যদের নিরাপদ পোল্ট্রি পণ্যের উৎপাদন বৃদ্ধি, পণ্যের শক্তিশালী বাজার সংযোগ ও বাজার সম্প্রসারণ এবং পোল্ট্রি খাত সংশিস্নষ্ট ব্যবসায় কার্যকর পরিবেশ তৈরিতে কর্মকা- বাসত্মবায়ন করা হচ্ছে। পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি ও বাজার সম্প্রসারণের লক্ষ্যে পিকেএসএফ-এর সহায়তাপুষ্ট সংস্থা আরডিআরএস বাংলাদেশ রংপুর জেলার রংপুর সদর, কাউনিয়া, পীরগাছা, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও কুড়িগ্রাম জেলার রাজারহাট মোট ৫টি উপজেলায় ২৫টি ইউনিয়নে উপ-প্রকল্পের কর্মকান্ড সমূহ বাসত্মবায়ন করে আসছে। পোল্ট্রি খাতে অপ্রতুল সেবা, পোল্ট্রি খাদ্যের সংকট, প্রচলিত খামার ব্যবস্থাপনা, নিরাপদ পণ্যে (মাংস ও ডিম) উৎপাদন সম্পর্কিত জ্ঞানের অভাব, দূর্বল প্রক্রিয়াজাতকরণ ব্যবস্থাপনা এবং অপর্যাপ্ত আইসিটি ও আর্থিক সেবা ও পোল্ট্রি পণ্যর উদ্যোগের অন্যতম অমত্মরায়। এহেন প্রতিবন্ধকতার কারণে মাংস ও ডিমের উৎপাদন আশানুরুপ হচ্ছে না। এছাড়া স্থানীয় উৎপাদিত পোল্ট্রিজাত পণ্য প্রতিযোগিতা মূলক বাজারে বিক্রি করা সম্ভব হচ্ছে না। বাসত্মবায়নাধীন উপ-প্রকল্পে ৯,৫০০ খামারি এবং ব্যাকওয়ার্ড ও ফরওয়ার্ড মার্কেট শক্তিশালীকরণে ৫,০০ সার্ভিস প্রভাইডার রয়েছে। উপ-প্রকল্প ভার্চুয়াল পস্ন্যাটফর্মে প্রয়োজনীয় তথ্য আদান-প্রদানের মাধ্যমে উদ্যোক্তাদের প্রশিক্ষিতকরণ, খামার/কৃষির আধুনিকায়ন এবং গুণগত উপকরণ ও সার্ভিসের ডিমান্ড সৃষ্টির লক্ষ্যে উপ-প্রকল্পটি কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় বেসরকারী পর্যায়ে পোল্ট্রি খামারীদের পোল্ট্রির রোগ নির্ণয়, প্রয়োজনীয় টেষ্টিং সুবিধা প্রদানপূর্বক খামার ব্যবস্থাপনা উন্নয়ন ও কারিগরী সেবা প্রদানের লক্ষ্যে পোল্ট্রি ডায়াগনস্টিক ল্যাব স্থাপনের উদ্যোক্তার আবেদন আহবান করা হচ্ছে।

পোল্ট্রি ডায়াগনস্টিক ল্যাব স্থাপনের স্থানঃ **রংপুর জেলার রংপুর সদর, কাউনিয়া, পীরগাছা, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও কুড়িগ্রাম জেলার রাজারহাট** উপজেলা।

ডায়াগনস্টিক ল্যাবের উদ্যোক্তা নির্বাচন প্রক্রিয়া ও শর্তঃ

- সহজে যাতায়াত করা যায়, রাস্তার পার্শ্বে, পর্যাপ্ত জায়গা রয়েছে এমন বাণিজ্যিক এলাকায় ল্যাব স্থাপন করতে হবে।
- উদ্যোক্তাকে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান হতে হবে। মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি, ভাইরোলজি ইত্যাদি বিষয়ে এমএস রয়েছে এমন ব্যাক্তি অগ্রাধিকার পাবেন।
- নতুন ভাবে স্থাপন অথবা পুরাতন পেট ডায়াগনস্টিক ল্যাবেও এ ধরণের নতুন সেবা চালু করা যাবে।
- ল্যাব পরিচালনায় দক্ষ জনবল থাকতে হবে।
- উপ-প্রকল্পের সাথে সমন্বয়ের মাধ্যমে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান থেকে ল্যাবের (নতুন ও পুরাতন) প্রয়োজনীয় সনদ গ্রহণ অতিরিক্ত যোগ্যতা হিসেবে গৃহীত হবে।
- সম্পূর্ণ প্রতিযোগিতার ভিত্তিতে সর্বোচ্চ যোগ্য ও অভিজ্ঞ উদ্যোক্তাকে নির্বাচিত করা হবে।
- এই বিজ্ঞপ্তির শর্তের যে কোন ধারা পরিবর্তন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা আরডিআরএস বাংলাদেশ কর্তৃপক্ষ রাখে।

আরডিআরএস বাংলাদেশ আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের বাজেট অনুযায়ী ল্যাব স্থাপনের যন্ত্রপাতি ক্রয়ের জন্য আংশিক অনুদান প্রদান করা হবে।

আগ্রহী উদ্যোক্তাকে আগামী ১০/১১/২০২৪ ইং তারিখে অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদনপত্র আরডিআরএস বাংলাদেশ আরএমটিপি-'নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন' শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প অফিস আরডিআরএস বাংলাদেশ, জেল রোড, রাধাবল্লভ, রংপুর এ প্রকল্প ব্যবস্থাপক বরাবর প্রেরণ করতে হবে।

কৃষিবিদ ফেরদৌস হাসান প্রধান,
প্রকল্প ব্যবস্থাপক,
মোবাইলঃ০১৭১৮৭৮৭৬২২
ইমেল: ferdous.prodhan@gmail.com
আরএমটিপি পোল্ট্রি, প্রজেক্ট
আরডি আর এস বাংলাদেশ রংপুর।